গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-২ শাখা

পরিপত্র

নং-৩৪.০৬০.০২৯.০১.০০.০৬১.২০১২-                    তারিখ: ১৯.০৩.২০১৩

বিষয়: "ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরাম (National Youth Leadership Forum)" গঠন ও পরিচালনা।

জাতীয় উন্নয়নের মূল ধারায় সম্পৃক্ত যুবদের চরিত্র গঠন ও মেধার স্ফুরন এবং পারস্পরিক সম্পর্কোন্নয়ন, অভিজ্ঞতা বিনিময় ও নেতৃত্বের গুণাবলী বিকাশের জন্য যুব সমাবেশের গুরুত্ব অপরিসীম। যুব উন্নয়ন অধিদপ্তরের তত্ত্বাবধানে এবং শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের সহায়তায় বিভিন্ন ক্ষেত্রে প্রতিনিধিত্বশীল যুবদের (১৮-৩৫ বৎসর) সমন্বয়ে ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের মাধ্যমে প্রতিবছর নিয়মিতভাবে যুব সমাবেশ আয়োজন করার জন্য সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

২. ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরাম এর উদ্দেশ্য হবে নিম্নরূপ:

ক. যুবদের ক্ষমতায়নের জন্য সৃজনশীলতা ও মেধার বিকাশ।
খ. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে যুবদের প্রতিনিধিত্ব করার মত নেতৃত্ব তৈরী।
গ. যুবদের মধ্যে ইতিহাস, ঐতিহ্য, শিক্ষা, সংস্কৃতি ও কৃষ্টির লালন এবং পরিচর্যা।
ঘ. যুবদের সুপ্ত প্রতিভাকে জাগ্রত করে উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করা।
ঙ. জাতীয় নীতি নির্ধারণী প্রক্রিয়ায় যুব সমাজকে সম্পৃক্ত করা।
চ. যুবদের মধ্যে বিশ্বায়ন, পরিবেশ ও প্রযুক্তি সম্পর্কে সচেতনতা সৃষ্টি।
ছ. জেন্ডার বৈষম্য ও বিভিন্ন সামাজিক সমস্যা সম্পর্কে সচেতনতা সৃষ্টি।

৩. নিম্নবর্ণিত যুব প্রতিনিধি নিয়ে ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরাম গঠিত হবে:

ক. আগ্রহী সরকারী/বেসরকারী কলেজ ও বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত সর্বমোট ৫০ জন যুব প্রতিনিধি (প্রতি প্রতিষ্ঠান থেকে একজন)। মহাপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রতিষ্ঠান মনোনীত হবে।
খ. জাতীয় পর্যায়ে যুবসংগঠনসমূহকে পরিচালনা করে এমন সমন্বয়কারী যুবসংগঠন এর ১০ জন করে যুব প্রতিনিধি।
গ. মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মনোনীত ৫ জন যুব মহিলা প্রতিনিধি।
ঘ. বাংলাদেশ স্কাউটস এর ৫ জন যুব প্রতিনিধি।
ঙ. বাংলাদেশ গার্লস গাইড এর ৫ জন যুব প্রতিনিধি।
চ. বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর এর ১০ জন যুব প্রতিনিধি।
ছ. শিল্পকলা একাডেমীর ৫ জন যুব প্রতিনিধি।
জ. বর্তমান ও সাবেক ইয়ুথ ককাস ও ডেপুটি ইয়ুথ ককাস প্রতিনিধি (১৮-৩৫ বৎসর বয়সের মধ্যে)।
ঝ. প্রত্যেক জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ জন করে যুব প্রতিনিধি।
ঞ. ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের উপদেষ্টা পরিষদ কর্তৃক মনোনীত ২০ জন যুব প্রতিনিধি।
ট. রেড ক্রিসেন্ট সোসাইটি কর্তৃক মনোনীত ৫ জন যুব প্রতিনিধি।
ঠ. ত্রাণ ও দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক মনোনীত ৫ জন যুব প্রতিনিধি।
ণ. যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক মনোনীত জাতীয় পুরস্কারপ্রাপ্ত সর্বমোট ১০জন (অনুর্দ্ধ ৩৫ বছর বয়সী) যুব/যুবমহিলা প্রতিনিধি।

৪. নিম্নোক্ত এক বা একাধিক বিষয়কে অর্ন্তভুক্ত করে ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের কার্যক্রম পরিচালিত হবে:

ক. যুব উন্নয়ন বিষয়ক আলোচনা,সেমিনার ও বিতর্ক।
খ. যুবদের সাফল্য /কৃতিত্ব উপস্থাপন।
গ. জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সাথে যুবদের মত-বিনিময়ের আয়োজন।
ঘ. সাংস্কৃতিক ও বিনোদনমূলক অনুষ্ঠানের আয়োজন।
ঙ. সাংগঠনিক কাযক্রম আলোচনা।
চ.বিভিন্ন বিষয়ে কর্ম পরিকল্পনা প্রনয়ন।

**৫. প্রতিনিধি মনোনয়ন পদ্ধতি:**

শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে ২ (দুই) বছরের জন্য যুব প্রতিনিধির মনোনয়ন সংগ্রহ করা হবে।

**৬. ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের উপদেষ্টা পরিষদ:**

ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের কার্যক্রম পযালোচনা ও দিক নির্দেশনা প্রদানের জন্য নিম্নলিখিতভাবে একটি উপদেষ্টা পরিষদ থাকবে।

| | |
|---|---|
| ক. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সভাপতি |
| খ. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| গ. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ঘ. যুগ্ম-সচিব (যুব/ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ঙ. উপসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| চ.পরিচালক(বাস্তবায়ন), যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ছ. পূর্ববর্তী নির্বাহী পরিষদের সভাপতি | সদস্য |
| জ. পূর্ববর্তী নির্বাহী পরিষদের সম্পাদক | সদস্য |
| ঝ. জাতীয় যুব কাউন্সিলের(প্রস্তাবিত) ২ জন | সদস্য |
| ঞ. মহাপরিচালক বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর | সদস্য |
| ট. সভাপতি কর্তৃক মনোনীত বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ এর ৩ জন শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ঠ. পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র | সদস্য-সচিব |

**৭. ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের উপদেষ্টা পরিষদের কর্ম পরিধি ঃ**

ক) এই কমিটি সর্বোচ্চ নীতি নির্ধরণী কমিটি হিসেবে দায়িত্ব পালন করবে এবং প্রতিবছরে ২ বার সভায় মিলিত হয়ে যুব ফোরামের অগ্রগতি পর্যালোচনা করে দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করবে।
খ) এ কমিটি যুব ফোরামের নির্বাহী কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়,অধীনস্থ দপ্তর /অধিদপ্তর/সংস্থাসমূহকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।
গ) ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরাম সিদ্ধান্ত বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যাসমূহ সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও দিক-নির্দেশনা প্রদান করবে।
ঘ) ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের তহবিল গঠনে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও সহায়তা প্রদান করবে।
ঙ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

## ৮. ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের নির্বাহী পরিষদ:

নির্বাহী পরিষদ ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের কার্যক্রম পরিচালনা করবে। প্রতি ২ (দুই) বৎসরের জন্য ফোরামের সদস্যদের ভোটে/ সম্মতিতে নিম্নলিখিতভাবে একটি নির্বাহী পরিষদ গঠিত হবে:

ক. সভাপতি
খ. সহ সভাপতি (২জন)
গ. সাধারণ সম্পাদক
ঘ. যুগ্ম সম্পাদক(২জন)
ঙ. প্রচার সম্পাদক (১জন)
চ. কোষাধ্যক্ষ (১জন)
ছ. সদস্য (৩ জন)

## ৯. নির্বাহী পরিষদের কর্মপরিধিঃ

ক. নির্বাহী পরিষদ প্রতি ৩ মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে এবং ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের মাধ্যমে যুব সমাবেশ আয়োজনের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবে।

খ. যুবদেরকে শিক্ষা, ক্রীড়া, সাংস্কৃতিক ও অন্যান্য কার্যক্রম বিষয়ে সচেতন করার উপযোগী পদক্ষেপ গ্রহণ করবে।

গ. সরকারী/বেসরকারী উন্নয়নমূলক কাজে অংশগ্রহণ, স্বেচ্ছাসেবামূলক কর্মসূচী গ্রহণ, জাতীয় ও আন্তর্জাতিক যুব কার্যক্রমে অংশগ্রহণের বিষয়ে পদক্ষেপ নেবে।

ঘ. যুব প্রতিভা বিকাশ ও যুব নেতৃত্ব গঠনের কর্মসূচী গ্রহণ করবে।

ঙ. নিবাহী পরিষদ কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে অপারগ হলে বা কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে তা উপদেষ্টা পরিষদে উপস্থাপন করবে।

চ. ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরাম গঠনে কোন সমস্যার সৃষ্টি হলে কিংবা কোন ব্যাখ্যা প্রয়োজন হলে উপদেষ্টা পরিষদের নিকট পরামর্শ করার জন্য প্রেরণ করবে।

ছ. নির্বাহী পরিষদ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ যুব উন্নয়ন অধিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে অবহিত করবে।

## ১০. তহবিল গঠন:

সরকারী বরাদ্দ/অনুদান, ব্যাক্তি বিশেষের অনুদান, জাতীয়/আন্তর্জাতিক সংস্থার অনুদান, শেখ হসিনা জাতীয় যুব কেন্দ্রের উন্নয়ন কর্মসূচীর অর্থ (যদি বরাদ্দ দেওয়া হয়) যুব কল্যাণ তহবিলের অর্থ (যদি বরাদ্দ দেওয়া হয়), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় /যুব উন্নয়ন অধিদপ্তর এর যেকোন তহবিল থেকে প্রাপ্ত বরাদ্দ সমন্বয়ে তহবিল গঠতি হবে।

## ১১. তহবিল পরিচালনা:

ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের নির্বাহী পরিষদের কোষাধ্যক্ষ ও শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের সহকারী পরিচালক(অর্থ) এর যৌথ স্বাক্ষরে ব্যাংক একাউন্ট পরিচালিত হবে। যুব উন্নয়ন অধিদপ্তর নিরীক্ষা/অডিট কাজ সম্পাদনের ব্যবস্থা করবে।

## ১২. সমন্বয় ও সাচিবিক কার্যক্রম:

শেখ হসিনা জাতীয় যুব কেন্দ্রের পরিচালক ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের সাচিবিক দফতর হিসেবে ব্যবহৃত হবে।

১৩. ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের কার্যক্রম মনিটরিং:

যুব উন্নয়ন অধিদপ্তর ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের নির্বাহী কমিটির কার্যক্রম মনিটরিং এর দায়িত্ব পালন করবে। প্রয়োজন বোধে কোন স্বীকৃত উপযুক্ত প্রতিষ্ঠান কর্তৃক ন্যাশনাল ইয়ুথ লীডারশীপ ফোরামের কার্যক্রমের সফলতা সম্পর্কে মূল্যায়ন করানো যাবে।

স্বাক্ষরিত/-
১৯.০৩.২০১৩
(গাজী মিজানুর রহমান)
যুগ্ম সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং-৩৪.০৬০.০২৯.০১.০০.০৬১.২০১২-১৮৮ তারিখ: ২৮.০৩.২০১৩

বিতরণঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, ত্রান ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চীফ ন্যাশনাল কমিশনার, ৬০, আঞ্জুমান মফিদুল ইসলাম, কাকরাইল, ঢাকা। ফ্যাক্স ঃ ৯৩৪২২২৬
৮। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৯। মহাপরিচালক, ন্যাশনাল ক্যাডেট কোর, ৩২ ঈশা খাঁ এভিনিউ, সেক্টর-৬, উত্তরা মডেল টাউন, ঢাকা। ফ্যাক্সঃ ৭৯১৪৬৭৯
১০। ন্যাশনাল কমিশনার, বাংলাদেশ গার্লস গাইড, গাইড হাউজ নিউ বেইলী রোড, ঢাকা। ফ্যাক্সঃ ৮৩১৫৫৯২
১১। জেলা প্রশাসক (সকল) ------------------------------------------।
১২। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, সাভার, ঢাকা।

(মোঃ আনোয়ারুল ইসলাম সরকার)
উপ-সচিব
ফোন ঃ ৯৫৭৪৪২৮